দৈনিক ইনকিলাব

22

তারিখ ... OCT. 22 1999 ...
পৃষ্ঠা 22 কলাম 7

## বিশ্ববিদ্যালয়ের ভর্তি কোটা বাতিল করা হোক

উচ্চ শিক্ষার গুরুত্ব আমরা যথাযথভাবে অনুধাবন না করলে পাশ্চাত্য দেশের মানুষেরা বিষয়টি সম্পর্কে পুরোপুরি ওয়াকিবহাল। অথচ, এই উচ্চ শিক্ষার দ্বারই আমাদের দেশে প্রায় বন্ধ। হাতেগোনা গুটি কতক বিশ্ববিদ্যালয়, যেখানে সিট সংখ্যা চাহিদার তুলনায় খুবই নগণ্য। ফলে, হাজার হাজার মেধাবী ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এমনিতেই সিট সংখ্যা অল্প, তার উপর রং-বেরঙের কোটা মেধাবী ছাত্রদের মনোবল আরো বেশী ভেঙ্গে দিচ্ছে। নিজ মেধা বা যোগ্যতার বলে নয়, পিতৃ পরিচয়ে সুযোগপ্রাপ্তি ও মেধাবীদের বঞ্চিত করার ব্যাপারটি বোধ হয় আমাদের দেশেই আছে। শুধু বাবার উপাধির কারণে বিশ্ববিদ্যালয়ের মত বৃহৎ পরিবারের সদস্য হয়ে যাওয়া বিষয়টি যারপরনাই লজ্জাকর ও বৈষম্যমূলক। বিশ্ববিদ্যালয় ভর্তি তো ভর্তি নয়; এ যেন এক ভয়ানক লড়াই। গণতান্ত্রিক দেশে এ অগণতান্ত্রিক কোটাপ্রথা আর কত দিন চলবে জানি না। অতএব, বিশ্ববিদ্যালয়ের ভর্তির ব্যাপারে প্রচলিত কোটাপ্রথা বাতিল করা হোক।

—মুহাম্মদ আমিরুল ইসলাম (জয়) ও
মোছাঃ মুর্শিদা আক্তার (রত্না),
ইংরেজী বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।